গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা
(স্থানীয় সরকার শাখা)
www.dhaka.gov.bd

নম্বর: ০৫.৪১.২৬০০.০১৭.১১.০০১.২২- ৬৯৮(৪০)

তারিখ: ২০ শ্রাবণ ১৪২৯ / ৪ আগষ্ট ২০২২

## নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্মারক নম্বর- ৪৬.০০.০০০.০১৮.১১.০০২.১৭-৫৬ তারিখ: ১০/০৪/২০২২ ও স্মারক নম্বর-৪৬.০০.০০০০.০১৮.১১.০০১.২১-২৪ তারিখ: ১৪/০২/২০২২ মূলে ছাড়পত্রের প্রেক্ষিতে ঢাকা জেলার অন্তর্গত বিভিন্ন ইউনিয়ন পরিষদে **"ইউনিয়ন পরিষদ সচিব ও হিসাব সহকারী কাম-কম্পিউটার অপারেটর"** এর শূন্যপদে অস্থায়ী ভিত্তিতে নিয়োগের লক্ষ্যে নিম্নবর্ণিত জাতীয় বেতন স্কেল ও শর্তাদি সাপেক্ষে ঢাকা জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

| ক্রমিক নং | পদের নাম ও পদের সংখ্যা | জাতীয় বেতন স্কেল-২০১৫ অনুযায়ী বেতন স্কেল | শিক্ষাগত যোগ্যতা | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১। | ইউনিয়ন পরিষদ সচিব (পদ সংখ্যা-০৭ টি) | গ্রেড-১৪ স্কেল=১০২০০-২৪৬৮০/-টাকা | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ অথবা সমমানের সিজিপিএ-তে স্নাতক/সমমানের ডিগ্রী | বেতন ভাতার ৭৫% সরকার কর্তৃক ও ২৫% ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদেয়। |
| ০২। | হিসাব সহকারী কাম-কম্পিউটার অপারেটর (পদ সংখ্যা-১৫ টি) | গ্রেড-১৬ স্কেল= ৯৩০০-২২৪৯০/- টাকা | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে বাণিজ্য বিভাগে অন্যূন দ্বিতীয় বিভাগ অথবা সমমানের জিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত ;<br>(গ)কম্পিউটার টাইপিং এ প্রতি মিনিটে সর্বনিম্ন গতি বাংলা ২০ (বিশ) শব্দ ও ইংরেজি ২০ (বিশ) শব্দ। | বেতন ভাতার ৭৫% সরকার কর্তৃক ও ২৫% ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদেয়। |

## শর্তাবলী

০১। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক এবং ঢাকা জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

০২। জেলা প্রশাসক, ঢাকা বরাবর নির্ধারিত ছকে স্ব-হস্তে লিখিত আবেদনপত্র আগামী ১৫-০৯-২২ খ্রি: তারিখ অফিস চলাকালীন ডাকযোগে জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকায় পৌঁছাতে হবে। সরাসরি কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না। আবেদনপত্রের কপি www.dhaka.gov.bd ওয়েব সাইট থেকে ডাউনলোড করা যাবে। নির্ধারিত ছকে আবেদন না করলে আবেদনটি ত্রুটিযুক্ত ও বাতিল বলে গণ্য হবে।

০৩। চাকুরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। অগ্রিম কোন আবেদন গ্রহণ করা হবে না। তাছাড়া চাকরিরত প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য হবে না। বিবাহিত মহিলা প্রার্থীদের ক্ষেত্রে নাগরিকত্ব সনদে স্বামীর স্থায়ী ঠিকানা উল্লেখ করতে হবে।

০৪। আবেদন পত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে:

(ক) আবেদনপত্রের সাথে ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক চারিত্রিক সনদ এবং সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি (৫X৫ সে.মি.) এবং স্ট্যাম্প সাইজের ০২ (দুই) কপি ছবি।

(খ) প্রার্থীকে জেলা প্রশাসক, ঢাকা এর অনুকূলে সোনালী ব্যাংকের যে কোন শাখার মাধ্যমে ক্রমিক ১ এ বর্ণিত পদের জন্য ৫০০/- (পাঁচশত) টাকা এবং ক্রমিক ০২ এ বর্ণিত পদের জন্য ৪০০/- (চারশত) টাকা মূল্যমানের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরতযোগ্য) জমা দিতে হবে।

(গ) নির্ভুল ঠিকানায় প্রবেশপত্র প্রেরণের লক্ষ্যে আবেদনকারী কর্তৃক আবেদনপত্রের সাথে পদের নাম, প্রার্থীর নাম ও ঠিকানা সম্বলিত ১০"X ৪" সাইজের ১০/- (দশ) টাকার অব্যবহৃত ডাক টিকেট লাগানো একটি ফেরত খাম সংযুক্ত করতে হবে।

(ঘ) ১৫-০৯-২০২২ খ্রি: তারিখে আবেদনকারীর বয়স ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধার সন্তান ও শারীরিক প্রতিবন্ধীর ক্ষেত্রে সরকারি বিধি মোতাবেক বয়স ৩২ বছর পর্যন্ত শিথিল যোগ্য। বয়সের ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

(ঙ) প্রার্থীর নিজ এলাকার সিটি কর্পোরেশনের মেয়র/কাউন্সিলর/পৌরসভার মেয়র অথবা সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত জাতীয়তা সম্পর্কিত সনদপত্রের মূল কপি দাখিল করতে হবে। জাতীয় পরিচয়পত্র এবং জন্ম নিবন্ধনের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

(চ) খামের উপর মোটা অক্ষরে পদের নাম ও বিশেষ কোটা (যদি থাকে) এবং বাম পার্শ্বে আবেদনকারীর পূর্ণ নাম ও ঠিকানা স্পষ্ট অক্ষরে লিখতে হবে।

(ছ) শারীরিক প্রতিবন্ধী ও এতিমদের ক্ষেত্রে জেলা সমাজসেবা কার্যালয়ের উপপরিচালক কর্তৃক প্রদত্ত সনদপত্র।

(জ) আনসার ও ভিডিপি প্রার্থীদের ক্ষেত্রে সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপর্যুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র।

(ঝ) ক্রমিক নং ০২ এ বর্ণিত পদের জন্য সরকার কর্তৃক অনুমোদিত প্রতিষ্ঠান হতে প্রদত্ত কম্পিউটার প্রশিক্ষণ সনদপত্র।

(ঞ) সত্যায়নের ক্ষেত্রে অবশ্যই ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা হতে হবে এবং কর্মকর্তার সুষ্পষ্ট নাম ও পদবীসহ সিল থাকতে হবে।

(ট) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং পুত্র/কন্যার পুত্র-কন্যার ক্ষেত্রে প্রার্থীর পিতা/মাতা কিংবা দাদা/দাদী, নানা/নানী মুক্তিযোদ্ধা হিসাবে প্রমাণের জন্য মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় এর সর্বশেষ সরকারি সার্কুলার অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত সনদের সত্যায়িত ফটোকপি।

(ঠ) লিখিত পরীক্ষায় উত্তীর্ণ যে সকল প্রার্থীকে ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য অনুরোধ জানানো হবে, তাদেরকে ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার সময় আবেদনে বর্ণিত শিক্ষাগত যোগ্যতার সনদপত্রসহ সকল সনদের (কোটার ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত মূল সনদপত্রসহ) মূলকপি প্রদর্শন করতে হবে। কোন প্রকার সনদপত্র দেখাতে ব্যর্থ হলে বা কোন সনদপত্র অসত্য প্রমাণিত হলে প্রার্থীর আবেদনপত্র এবং লিখিত পরীক্ষা বাতিল বলে গণ্য হবে এবং বিধি মোতাবেক তাঁর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেয়া হবে।

(ড) ১ ও ২ নং ক্রমিকের পদ পূরণের ক্ষেত্রে মুক্তিযোদ্ধা /শহীদ মুক্তিযোদ্ধাদের সন্তান-সন্তুতি ও পোষ্য/মহিলা/আনসার/ ভিডিপি/এতিম/শারীরিক প্রতিবন্ধী/উপজাতি/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীর জন্য কোটা সংক্রান্ত সরকারের সর্বশেষ বিধি -বিধান অনুসরণ করা হবে। এ ক্ষেত্রে প্রার্থীকে তার কোটার দাবির সমর্থনে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্র মৌখিক পরীক্ষার সময় দেখাতে হবে।

০৫। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

০৬। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে এই নিয়োগ বিজ্ঞপ্তির কার্যক্রম স্থগিত, পরিবর্তন ও বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

০৭। কোন তথ্য গোপন করে/ভুল তথ্য প্রদান করে চাকুরিতে নিয়োগ প্রাপ্ত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিল করে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৮। নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহণের জন্য কোন প্রকার টি.এ/ডি.এ প্রদান করা হবে না।

০৯। নিয়োগের ক্ষেত্রে কোন প্রকার তদবির প্রার্থীর অযোগ্যতা হিসাবে বিবেচিত হবে।

১০। হিসাব সহকারী কাম-কম্পিউটার অপারেটর পদে নিয়োগের ক্ষেত্রে রীট পিটিশন নং- ১১৪৭৬/২০১৭ হতে উদ্ভুত লীভ টু আপিল মামলা নং- ৪৫২/২০১৮ এর গত ০৫/০২/২০১৮ তারিখের বাংলাদেশ সুপ্রীম কোর্টের আপিল বিভাগের আদেশ প্রতিপালন করা হবে।

১১। জনপ্রশাসন মন্ত্রণালয়, বিধি-১ শাখা এর ৩০/০৬/২০১৯ তারিখে ০৫.০০.০০০০.১৭০.২২.০৬২.১৩-১৫২ নং- স্মারকে প্রদত্ত নির্দেশনা মোতাবেক বর্ণিত পদে নিয়োগের ক্ষেত্রে কোন বিশেষ কোটার (মুক্তিযোদ্ধা/মহিলা/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী/এতিম/শারীরিক প্রতিবন্ধী এবং আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য) কোনো পদ যোগ্য প্রার্থীর অভাবে পূরণ করা সম্ভব না হলে অপূর্ণ পদসমূহ সাধারণ প্রার্থীদের মধ্য হতে মেধাতালিকার ক্রমানুসারে নিয়োগ দেয়া হবে।

১২। পদ শূন্য থাকা সাপেক্ষে কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা কম বা বেশি করতে পারবেন।

৪/৮/22


মো: শহীদুল ইসলাম
জেলা প্রশাসক
ঢাকা।
ফোনঃ ৯৫৫৬৬২৮ (অফিস)
email:dhaka@mopa.gov.bd


নম্বর: ০৫.৪১.২৬০০.০১৭.১১.০০১.২২- ৬৯৮(৪০)

তারিখ: ২০ শ্রাবণ ১৪২৯ / ০৪ আগস্ট ২০২২

সদয় অবগতি/বহুল প্রচারের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
০৩। পুলিশ সুপার, ঢাকা।
০৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, ঢাকা।
০৫। সিভিল সার্জন, ঢাকা।
০৬। মেয়র, ধামরাই/সাভার/দোহার পৌরসভা, ঢাকা।
০৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ................(সকল), ঢাকা।
০৮। নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
০৯। সিনিয়র তথ্য অফিসার, জেলা তথ্য অফিস, ঢাকা। (বহুল প্রচারের অনুরোধসহ)
১০। উপজেলা নির্বাহী অফিসার, সাভার/ধামরাই/কেরাণীগঞ্জ/নবাবগঞ্জ/দোহার, ঢাকা।
১১। ..................................(জেলা পর্যায়ের কর্মকর্তা), ঢাকা।
১২। নেজারত ডেপুটি কালেক্টর, জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা। তাঁকে নিয়োগ বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে প্রদর্শনের অনুরোধ করা হলো।
১৩। সহকারী কমিশনার, আইসিটি সেল, জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা। তাঁকে নিয়োগ বিজ্ঞপ্তি ও আবেদনপত্রের কপি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

৪/৮/২২

উপপরিচালক ,স্থানীয় সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা।